

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৮০

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৮

০২ সেপ্টেম্বর ২০২১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

১। সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেত:

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

২। আজ ০২ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রাজশাহী, রংপুর, দিনাজপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। ০২ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থাঃ মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ রাজস্থান, উত্তর প্রদেশ, মধ্য প্রদেশ, বিহার, হিমালয়ের পাদদেশীয় পশ্চিম বঙ্গ এবং বাংলাদেশের উত্তরাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে দুর্বল থেকে মাঝারী অবস্থায় রয়েছে।

পূর্বাভাসঃ রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং ঢাকা ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৩.০	৩২.০	৩৪.০	৩৪.০	৩৪.৮	৩৪.৩	৩৫.০	৩৪.১
সর্বনিম্ন তাপমাত্রা	২৫.০	২৬.৪	২৩.৬	২৫.৮	২৭.০	২৪.০	২৬.২	২৬.৪

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল মংলা ৩৫.০^০ সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা চট্টগ্রাম ২৩.৬^০ সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস:

- ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে
- কুশিয়ারা ব্যতীত দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা

আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

- আগামী ২৪ ঘণ্টায় কুড়িগ্রাম, গাইবান্ধা, জামালপুর, বগুড়া, টাঙ্গাইল, সিরাজগঞ্জ, পাবনা, মানিকগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর এবং শরীয়তপুর জেলার নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে।

৪ (ক)। ২৬ আগস্ট, ২০২১ তারিখ থেকে আগামী ১০ দিনের সম্ভাব্য পূর্বাভাস:

ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি সমতল বৃদ্ধি অব্যাহত থাকতে পারে। বগুড়া জেলার সারিয়াকান্দি স্টেশন, সিরাজগঞ্জ জেলার কাজিপুর ও সিরাজগঞ্জ স্টেশন, টাঙ্গাইল জেলার এলাসিনঘাট স্টেশনে এবং মানিকগঞ্জ জেলার আরিচা স্টেশনে পানি সমতল আগামী ৭ দিন স্থিতিশীলভাবে বাড়তে পারে, যার ফলে চলমান এ সকল জেলায় বন্যা পরিস্থিতি আগামী ৭ দিন অব্যাহত থাকতে পারে। আগামী ২৮ শে আগস্ট নাগাদ জামালপুর জেলার বাহাদুরাবাদ স্টেশনে পানি সমতল বিপদসীমা অতিক্রম করতে পারে।

গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল আগামী ৫ দিন স্থিতিশীল থাকতে পারে। পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি অব্যাহত থাকতে পারে। রাজবাড়ী জেলার গোয়ালন্দ পয়েন্ট পানি সমতল আগামী ৭ দিন স্থিতিশীল ভাবে বাড়তে পারে যার ফলে চলমান বন্যা পরিস্থিতি আগামী ৭ দিন অব্যাহত থাকতে পারে। মুন্সীগঞ্জের ভাগ্যকুল এবং মাওয়া পয়েন্টে ও শরীয়তপুর সুরেশ্বর পয়েন্টে পানি সমতল ২৯ শে আগস্ট নাগাদ বিপদসীমার কাছাকাছি পৌঁছাতে পারে।

ঢাকার চারপাশের নদীসমূহের পানি সমতল বাড়তে পারে। আগামী ৭ দিনে ঢাকার চারপাশের নদীসমূহের অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।

৪ (খ)। নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০৯	গেজ স্টেশন বন্ধ আছে	০
বৃদ্ধি	৬৮	গেজ পাঠ পাওয়া যায়নি	০
হ্রাস	৪০	মোট তথ্য পাওয়া যায়নি	০
অপরিবর্তিত	০১	বিপদ সীমার উপরে	১৯

৪ (গ)। বিপদ সীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ১৮ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ/ ০২ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

ক্রম নং	জেলার নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘণ্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদ সীমা (মিটার)	বিপদ সীমার উপরে (সে.মি.)
১	কুড়িগ্রাম	কুড়িগ্রাম	ধরলা	২৬.৫৭	-০৫	২৬.৫০	+০৭
২	কুড়িগ্রাম	হাতিয়া	ব্রহ্মপুত্র	২৪.৮৫	+০৮	২৪.৭৫	+১০
৩	কুড়িগ্রাম	চিলমারি	ব্রহ্মপুত্র	২৪.১৯	+০৫	২৩.৭০	+৪৯
৪	গাইবান্ধা	গাইবান্ধা	ঘাঘট	২১.৮৬	+১০	২১.৭০	+১৬
৫	গাইবান্ধা	ফুলছড়ি	যমুনা	২০.৩০	+০৯	১৯.৮২	+৪৮
৬	গাইবান্ধা	সাঘাটা	যমুনা	১৯.৪৯	+০৯	১৯.২০	+২৯
৭	জামালপুর	বাহাদুরাবাদ	যমুনা	২০.০৯	+১৫	১৯.৫০	+৫৯
৮	বগুড়া	সারিয়াকান্দি	যমুনা	১৭.৩৩	+১১	১৬.৭০	+৬৩
৯	সিরাজগঞ্জ	কাজিপুর	যমুনা	১৫.৮৩	+০৬	১৫.২৫	+৫৮
১০	সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ	যমুনা	১৩.৯৪	+০৮	১৩.৩৫	+৫৯
১১	সিরাজগঞ্জ	বাঘাবাড়ি	আত্রাই	১০.৯৫	+০৮	১০.৪০	+৫৫
১২	টাংগাইল	পোড়াবাড়ি	যমুনা	১২.১১	+০৬	১১.৯০	+২১
১৩	টাংগাইল	এলাসিন	ধলেশ্বরী	১২.০৪	+০৭	১১.৪০	+৬৪
১৪	পাবনা	মথুরা	যমুনা	১০.২৯	+০৮	১০.০৬	+২৩
১৫	মানিকগঞ্জ	আরিচা	যমুনা	৯.৬৫	+০৯	৯.৪০	+২৫
১৬	গাজীপুর	কালিয়াকৈর	তুরাগ	৮.৪৪	+০৫	৮.৪০	+০৪
১৭	রাজবাড়ী	গোয়ালন্দ	পদ্মা	৯.২৭	+১০	৮.৬৫	+৬২

১৮	মুল্লিগঞ্জ	ভাগ্যকুল	পদ্মা	৬.৩১	+০৬	৬.৩০	+০১
১৯	শরীয়তপুর	সুরেশ্বর	পদ্মা	৪.৪৬	+০৭	৪.৪৫	+০১

৫। বৃষ্টিপাতের তথ্যঃ

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
বান্দরবন	১১১.০	ডালিয়া	৯২.০	রংপুর	৭২.০
কাউনিয়া	৬৪.০	ঠাকুরগাঁও	৫৫.০	চট্টগ্রাম	৫৫.০

৫(ক)। গত ২৪ ঘন্টায় দেশের উজানে ভারতের উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
জলপাইগুড়ি	১৮৪.০	তেজপুর	৬৬.০	দার্জিলিং	২৮.০

৬। বন্যা পরিস্থিতিঃ

রাজবাড়ীঃ জেলা প্রশাসক, রাজবাড়ীর এক পত্রের মাধ্যমে জানা যায় যে, জেলার উপর দিয়ে প্রবাহিত পদ্মা নদীর পানি দৌলতদিয়া পয়েন্টে বর্তমানে বিপদসীমার ৬২ সে.মি. উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। গত ৩০/০৮/২০২১ খ্রিঃ তারিখ আনুমানিক সকাল ৮:৩০ ঘটিকায় দৌলতদিয়া ইউনিয়নের ০৪ নং ফেরিঘাটের নিটক ০২ নং ওয়ার্ড সিদ্দিক কাজীর পাড়ায় আকস্মিক নদী ভাঙ্গনে ০১ টি মসজিদ নদী গর্ভে বিলীন হয়ে গেছে এবং ০৩ টি বাড়ী অন্যত্র সরিয়ে নিয়েছে। জেলা প্রশাসক, রাজবাড়ী, উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ রাজবাড়ী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সরেজমিনে পরিদর্শন করে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বরাদ্দ থেকে ক্ষতিগ্রস্ত পরিবারকে শুকনা খাবার (১০ কেজি চাল, ২ কেজি ডাল, ১ লিটার তৈল) প্রদান করেন।

বগুড়াঃ জেলা প্রশাসক, বগুড়া এর নিকট থেকে প্রাপ্ত পত্রে জানা যায় যে, জেলায় যমুনা নদীর পানি সারিয়াকান্দি পয়েন্টে বর্তমানে বিপদসীমার ৬৩ সে.মি. উপর দিয়ে প্রবাহিত হচ্ছে এবং বাঙ্গালী নদীর পানি বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। অতিরিক্ত বৃষ্টিপাতের কারণে সৃষ্ট বন্যায় জেলার ২টি উপজেলার ১০ ইউনিয়নের ৭৯টি গ্রামের ১৪,৩৫০ টি পরিবারের ৫৮,০০০ জন লোক ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়াও ১১৫ হেক্টর জমির ফসল এবং ১৯টি শিক্ষা প্রতিষ্ঠানও ক্ষতিগ্রস্ত হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বরাদ্দ থেকে বন্যা প্রবণ উপজেলায় ১২০.০০ মেঃটন ত্রাণ কার্য (চাল) উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে।

জামালপুরঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জামালপুর টেলিফোনের মাধ্যমে জানিয়েছেন যে, জেলায় যমুনা নদীর পানি বিপদসীমার ৫৯ সে.মি. উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। নদীর পানি বৃদ্ধির ফলে নিম্নাঞ্চলে পানি উঠেছে তবে কোন বাড়ীঘরে এখনও পানি উঠে নাই। কয়েকটি উপজেলায় নদীভাঙ্গন দেখা দিয়েছে। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জামালপুর নদী ভাঙ্গন এলাকা পরিদর্শন করেছেন।

কুড়িগ্রামঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুড়িগ্রাম টেলিফোনে জানিয়েছেন যে, বর্তমানে জেলার ধরলা নদীর পানি বিপদসীমার ০৭ সে.মি. এবং ব্রহ্মপুত্র নদীর পানি হাতিয়া পয়েন্টে বিদসমীমার ১০ সে.মি. ও চিলমারি পয়েন্টে বিদসমীমার ৪৯ সে.মি. উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। আজ ধরলা নদীর পানি সামান্য কমেছে। নদীর পানি বৃদ্ধির ফলে জেলার নিম্নাঞ্চলে পানি উঠেছে। রৌমারী ও রাজিবপুর উপজেলায় মোট ১০০টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ থেকে উপজেলাসমূহে পর্যাপ্ত পরিমাণ ত্রাণ সামগ্রী উপবরাদ্দ প্রদান করা হয়েছে।

টাংগাইলঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, টাংগাইল ৩১/০৮/২০২১খ্রিঃ তারিখের ৬৪৭ নং পত্রের মাধ্যমে জানিয়েছেন যে, উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢল ও অতিবর্ষণে নদীর পানি বৃদ্ধি পেয়ে টাংগাইল জেলার কালিহাতি, টাংগাইল সদর ও নাগপুর উপজেলার নিম্নাঞ্চল প্লাবিত হচ্ছে। পানি বৃদ্ধি অব্যাহত আছে। কালিহাতি উপজেলার যমুনা নদীর ভাংগনে এ পর্যন্ত ২১২টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত পরিবারে মধ্যে জিআর ক্যাশ হিসেবে ১০,৬০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে।

এছাড়া সিরাজগঞ্জ, গাইবান্ধা জেলার জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণের সাথে টেলিফোনে যোগাযোগ করা হয়েছে। তাঁরা জানিয়েছেন যে, নদ-নদীর পানি বৃদ্ধির ফলে জেলার কিছু কিছু নিম্নাঞ্চলে পানি উঠেছে। কিছু এলাকায় নদী ভাংগন দেখা দিয়েছে।

৭। অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ৩১ আগস্ট, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ০১ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ০৮ টি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকাণ্ডে নিহত ও আহতের সংখ্যা দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকাণ্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	১	০	০
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	রাজশাহী	৩	০	০
৪।	চট্টগ্রাম	১	০	০
৫।	রংপুর	২	০	০
	মোট	০৮	০	০

৮ (ক)। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে মানবিক সহায়তার কার্যক্রমঃ

- অদ্য ০২/০৯/২০২১ খ্রিঃ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, কুড়িগ্রাম ও গাইবান্ধা এর অনুকূলে শুকনা ও অন্যান্য খাবার ১,৫০০ (এক হাজার পাঁচশত) প্যাকেট/বস্তা করে এবং বগুড়া, সিরাজগঞ্জ, পাবনা, জামালপুর, মানিকগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী, শরিয়তপুর, টাঙ্গাইল, মাদারীপুর জেলা এর অনুকূলে শুকনা ও অন্যান্য খাবার ১,৫০০ (এক হাজার পাঁচশত) প্যাকেট/বস্তা করে মোট ১৩,০০০ (তের হাজার) প্যাকেট/বস্তা বরাদ্দ দেয়া হয়েছে।
- গত ২৫/০৮/২০২১ খ্রিঃ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সংযুক্ত আরব আমিরাত সরকার কর্তৃক উপহার হিসাবে প্রদত্ত খাদ্য সামগ্রীর মধ্যে রোহিঙ্গা জনগোষ্ঠীর মাঝে বিতরণের জন্য ৫০০ (পাঁচ শত) কার্টন খাদ্য সামগ্রী শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এর অনুকূলে ছাড় করা হয়েছে।
- গত ২৫/০৮/২০২১ খ্রিঃ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সাম্প্রতিক অতিবর্ষণের কারণে বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, ঢাকা-১৯ এর অনুকূলে ২,০০০/- (দুই হাজার) প্যাকেট/বস্তা শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ দেয়া হয়েছে।

৮ (খ)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণঃ

ক্রঃ নং	ত্রাণ কার্যক্রমের নাম	বরাদ্দের পরিমাণ		
		চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ০২/০৯/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত)	বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১ খ্রিঃ) পর্যন্ত	মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত)
১	২	৩	৪	৫ (৩+৪)
১	৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা	-	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা
২	ত্রাণ কার্য (নগদ অর্থ)	২৮,৯৪,২৫,০০০/- (আটাশ কোটি চুরান্নব্বই লক্ষ পঁচিশ হাজার) টাকা	১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পাঁচশত এগার) টাকা	১০৩৯,৯৭,৫৭,৫১১/- (এক হাজার উনচল্লিশ কোটি সাতান্নব্বই লক্ষ সাতান্ন হাজার পাঁচশত এগারো) টাকা

৩	চাল	১,৪৩,৩১৫.৫১ (এক লক্ষ তেতাল্লিশ হাজার তিনশত পনের দশমিক পাঁচ এক) মে: টন	৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত বিয়াল্লিশ) মেঃ টন	৫,৮৭,৮০৭.৫১ (পাঁচ লক্ষ সাতাশি হাজার আটশত সাত দশমিক পাঁচ এক) মে. টন
৪	শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আয়োডিনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পাঁচশত) গ্রাম]	৩২,৫০০ (বত্রিশ হাজার পাঁচশত) প্যাকেট	৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট	৭,২০,২০০ (সাত লক্ষ বিশ হাজার দুইশত) প্যাকেট
৫	টেউটিন	৩০০ বান্ডিল	৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বান্ডিল	৩২,১০০ (বত্রিশ হাজার একশত) বান্ডিল
৬	গৃহ নির্মাণ মঞ্জুরী	৯,০০,০০০/ টাকা	৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান লক্ষ) টাকা	৯,৬৩,০০,০০০/- (নয় কোটি তেষট্টি লক্ষ) টাকা
৭।	সংযুক্ত আরব আমিরাত সরকার থেকে প্রাপ্ত খাদ্য সামগ্রী	৭০০ কার্টুন	-	৭০০ কার্টুন

৮ (গ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (০১/০৯/২০২১ তারিখ পর্যন্ত):

ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা	সকল জেলা (পৌরসভাসহ)	সকল সিটি করপোরেশন	সর্বমোট
উপকারভোগী পরিবার সংখ্যা	২,৪৬,৫৯৮ টি	৯,৩৬৪ টি	২,৫৫,৯৬২ টি
উপকারভোগী লোক সংখ্যা	১১,০৯,৬১৭ জন	৪৬,৩০৯ জন	১১,৫৫,৯২৬ জন

৯। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।



২-৯-২০২১

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৮০/১(১৭১)

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৮

০২ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
- ১৩) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



২-৯-২০২১

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা